

অ্যালপার ডগার (এডি) সায়েন্টিফিক ইনডেক্স র্যাংকিং-২০২২ এ বিশ্বসেরা গবেষকের তালিকায় খুলনা বিশ্ববিদ্যালয়ের (খুবি) উপাচার্য অধ্যাপক ড. মাহমুদ হোসেনসহ ৫৪ খুবি শিক্ষক স্থান পেয়েছেন।

গত ২৩ এপ্রিল এডি সায়েন্টিফিক ইনডেক্সের ওয়েবসাইট থেকে জানা যায়, বিশ্বের ১৪ হাজার ১২০টি প্রতিষ্ঠানের ৭ লাখ ২৯ হাজার গবেষকের এই তালিকায় স্থান পেয়েছেন তারা।

আন্তর্জাতিক মানের এ সূচকটির নিজস্ব ওয়েবসাইটে প্রকাশিত তথ্যমতে, ১২ ক্যাটাগরিতে গবেষকদের ভাগ করা হয়েছে। তালিকায় বাংলাদেশের ২ হাজার ৭৭১ জন গবেষক স্থান পেয়েছেন।

এরমধ্যে খুবি উপাচার্য অধ্যাপক ড. মাহমুদ হোসেন ফরেন্সিতে নিজ বিশ্ববিদ্যালয়ের মধ্যে প্রথম, বাংলাদেশে ৪র্থ এবং সমগ্র এশিয়াতে ১৫৪ তম বিজ্ঞানী হিসেবে স্বীকৃতি পেয়েছেন।

প্রসঙ্গত, সায়েন্টিফিক ইনডেক্স গবেষকদের গুগল স্কলারের রিসার্চ প্রোফাইলের বিগত পাঁচ বছরের গবেষণার এইচ ইনডেক্স, আইটেন ইনডেক্স এবং সাইটেশন স্কোরের ভিত্তিতে এই র্যাংকিং প্রকাশ করেছে।